

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৭৩
৬৪/ মাগাযী [যুদ্ধ] (১৯১৮)

পরিচ্ছেদঃ ৬৪/৮. আবু জাহলের হত্যা।

بَابِ قَتْلِ أَبِيْ جَهْلٍ

আরবী

أَخْبَرَنِيْ إِبْرَاهِیْمُ بْنُ مُوْسَى حَدَّتَنَا هِشَامُ بْنُ یُوْسُفَ عَنْ مَعْمَرٍ أَخْبَرَنَا هِشَامٌ عَنْ عُرْوَةَ قَالَ إِنْ كُنْتُ لَأُدْخِلُ قَالَ كَانَ فِي الزَّبَیْرِ ثَلَاثُ ضَرَبَات بِالسَّیْفِ إِحْدَاهُنَّ فِیْ عَاتِقِهِ قَالَ إِنْ كُنْتُ لَأُدْخِلُ قَالَ كَانَ فِي الزَّبَیْرِ ثَلَاثُ مَرْوَا فَ عَنْ الْمَرْمُونُ قَالَ عُرْوَةُ وَقَالَ لِیْ عَبْدُ أَصَابِعِیْ فِیْهَا قَالَ حَرُوةُ وَقَالَ لِیْ عَبْدُ اللهِ بْنُ الزَّبَیْرِ یَا عُرْوَةُ هَلْ تَعْرِفُ سَیْفَ الزَّبَیْرِ قُلْتُ نَعَمْ الْمَلِكِ بْنُ مَرْوَانَ حِیْنَ قُتِلَ عَبْدُ اللهِ بْنُ الزَّبَیْرِ یَا عُرْوَةُ هَلْ تَعْرِفُ سَیْفَ الزَّبَیْرِ قُلْتُ نَعَمْ قَالَ فَمُا فَیْهِ قُلْتُ فَیْمَ الْرَّبَیْرِ قَالَ صَدَقْتَ :

بِهِنَّ فُلُوْلٌ مِنْ قِرَاعِ الْكَتَائِبِ

ثُمَّ رَدَّهُ عَلَى عُرْوَةَ قَالَ هِشَامٌ فَأَقَمْنَاهُ بَيْنَنَا ثَلَاثَةَ آلَافٍ وَأَخَذَهُ بَعْضُنَا وَلَوَدِدْتُ أَنِيْ كُنْتُ أَخَذْتُهُ.

বাংলা

৩৯৭৩. ইব্রাহীম ইবনু মূসা হিশামের পিতা ('উরওয়াহ) হতে বর্ণিত। তিনি বলেন, (তার পিতা) যুবায়রের শরীরে তিনটি মারাত্মক জখমের চিহ্ন বিদ্যমান ছিল। এর একটি ছিল তার ক্ষন্ধে। 'উরওয়াহ বলেন, আমি আমার আঙ্গুলগুলো ঐ ক্ষতস্থানে ঢুকিয়ে দিতাম, বর্ণনাকারী 'উরওয়াহ বলেন, ঐ আঘাত তিনটির দু'টি ছিল বদর যুদ্ধের এবং একটি ছিল ইয়ারমুক যুদ্ধের। 'উরওয়াহ বলেন, 'আবদুল্লাহ্ ইবনু যুবায়র শহীদ হলেন তখন 'আবদুল মালিক ইবনু মারওয়ান আমাকে বললেন, হে 'উরওয়াহ, যুবায়রের তরবারি তুমি কি চিন? আমি বললাম হাঁ চিনি। 'আবদুল মালিক বললেন, এর কি কোন নিশানা আছে? আমি বললাম, এর ধারে এক জায়গায় ভাঙ্গা আছে যা বদর যুদ্ধের দিন ভেঙ্গে ছিল। তখন তিনি বললেন, হাঁ তুমি ঠিক বলেছ, (তারপর তিনি একটি কবিতাংশ আবৃত্তি করলেন)

بِهِنَّ فُلُوْلٌ مِنْ قِرَاعِ الْكَتَائِبِ

সে তরবারির ভাঙ্গন ছিল শত্রু সেনাদের আঘাত করার কারণে। এরপর 'আবদুল মালিক তরবারি খানা 'উরওয়ার



নিকট ফিরিয়ে দিলেন। হিশাম বলেন, আমরা নিজেরা এর মূল্য স্থির করেছিলাম তিন হাজার দিরহাম। এরপর আমাদের এক ব্যক্তি সেটা নিল। আমার ইচ্ছে হয়েছিল যদি আমি তরবারিটি নিয়ে নিতাম। [৩৭২১] (আধুনিক প্রকাশনীঃ ৩৬৮১, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৬৮৩ শেষাংশ)

English

Narrated 'Urwa (the son of Az- Zubair):

Az-Zubair had three scars caused by the sword, one of which was over his shoulder and I used to insert my fingers in it. He received two of those wounds on the day of Badr and one on the day of Al-Yarmuk. When 'Abdullah bin Zubair was killed, 'Abdul-Malik bin Marwan said to me, "O 'Urwa, do you recognize the sword of Az-Zubair?" I said, "Yes." He said, "What marks does it have?" I replied, "It has a dent in its sharp edge which was caused in it on the day of Badr." 'Abdul-Malik said, "You are right! (i.e. their swords) have dents because of clashing with the regiments of the enemies Then 'Abdul-Malik returned that sword to me (i.e. Urwa). (Hisham, 'Urwa's son said, "We estimated the price of the sword as three-thousand (Dinars) and after that it was taken by one of us (i.e. the inheritors) and I wish I could have had it.")

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন